

২০২০

বাংলা — সাম্মানিক

তৃতীয় সেমেস্টার

পত্র : CC-5

[বাংলা সাহিত্যের ইতিহাস (বিংশ শতক)]

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) বাংলা কবিতার ইতিহাসে জীবনানন্দ দাশের কৃতিত্বের পরিচয় দাও। ১০
অথবা,
(খ) বাংলা নাটকে বিজন ভট্টাচার্যের অবদান ও বিশিষ্টতার পরিচয় লিপিবদ্ধ করো। ১০
- ২। (ক) বাংলা উপন্যাস সাহিত্যে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্বের মূল্যায়ন করো। ১০
অথবা,
(খ) বাংলা ছোটগল্প রচনায় সুবোধ ঘোষের অবদানের পরিচয় দাও। ১০
- ৩। (ক) বাংলা প্রবন্ধসাহিত্যে বুদ্ধদেব বসুর অবদান কতখানি তা আলোচনা করো। ১০
অথবা,
(খ) বাংলা সাহিত্যে 'সবুজ পত্র' পত্রিকার ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ১০
- ৪। (ক) কবি সুকান্ত ভট্টাচার্যের কবিমানসের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
অথবা,
(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা রূপক-সাংকেতিক নাটকের বৈশিষ্ট্যগুলি লেখো। ৫
- ৫। (ক) 'চোখের বালি' উপন্যাসকে যুগান্তকারী উপন্যাস বলা হয় কেন? ৫
অথবা,
(খ) গল্পকার প্রেমেন্দ্র মিত্রের বিশিষ্টতার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

Please Turn Over

৬। (ক) সাহিত্যসমালোচনা-জাতীয় প্রবন্ধ রচনায় মোহিতলাল মজুমদারের অবদান কতখানি তা সংক্ষেপে আলোচনা করো। ৫

অথবা,

(খ) বাংলা সাহিত্য ও সাময়িক পত্রিকার ইতিহাসে 'কল্লোল' পত্রিকার গুরুত্ব নির্দেশ করো। ৫

৭। যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো। ৫

(ক) টিনের তলোয়ার

(খ) লালশালু

(গ) শনিবারের চিঠি।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থের নাম লেখো।

(খ) 'অর্কেস্ট্রা' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?

(গ) 'নীরা' কোন কবির কাব্যের নায়িকা?

(ঘ) 'নুরজাহান' নাটকটি কার লেখা?

(ঙ) মন্মথ রায় রচিত একটি নাটকের নাম লেখো।

(চ) 'শেষের কবিতা' কী জাতীয় গ্রন্থ?

(ছ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের প্রথম উপন্যাসের নাম কী?

(জ) 'টোঁড়াই চরিত মানস' কার লেখা?

(ঝ) 'বিনোদিনী' গল্পগ্রন্থটির রচয়িতা কে?

(ঞ) 'পুতুলনাচের ইতিকথা' কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(ট) 'জিজ্ঞাসা' প্রবন্ধগ্রন্থটির লেখক কে?

(ঠ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'কালান্তর' গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল?

(ড) 'শনিবারের চিঠি' পত্রিকার সম্পাদক কে ছিলেন?

(ঢ) 'প্রবাসী' পত্রিকার সম্পাদক কে ছিলেন?

(ণ) 'প্রগতি' পত্রিকা কোথা থেকে প্রকাশিত হয়েছিল?